# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৫৯৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৯৮]

পর্ব-৬: সালাতের সময়সীমা (كتاب المواقيت)

পরিচ্ছেদঃ ৪৫: যে ওয়াক্তে মুসাফির মাগরিব ও ইশার সালাত এক সাথে আদায় করতে পারে

الوقت الذي يجمع فيه المسافر بين المغرب والعشاء

আরবী

أَخْبَرَنَا عَبْدَةُ بْنُ عَبْدِ الرَّحِيمِ، قال: حَدَّثَنَا ابْنُ شُمَيْلٍ، قال: حَدَّثَنَا كَثِيرُ بْنُ قَارَوَنْدَا، قال: سَأَلْنَا سَالِمَ بْنَ عَبْدِ اللَّهِعَنِ الصَّلَاة فِي السِّفْر، فَقُلْنَا: أَكَانَ عَبْدُ اللَّهِ يَجْمَعُ بَيْنَ شَيْءٍ مِنَ الصَّلَوَاتِ فِي السَّفَرِ ؟ فَقَالَ: لَا، إِلَّا بِجَمْعٍ ثُمَّ أَتَيْتُهُ، فَقَالَ: كَانَتْ عِنْدَهُ صَفِيَّةُ فَأَرْسَلَتْ إِلَيْهِ: أَنِّي فِي آخِرِ يَوْمٍ مِنَ الدُّنْيَا وَأَوَّلِ يَوْمٍ مِنَ الْآخِرَةِ، فَرَكِبَ وَأَنَا مَعَهُ فَأَسْرَعَ السَّيْرَ حَتَّى حَانَتِ الصَّلَاةُ، فَقَالَ لَهُ الْمُؤَذِّنُ: الصَّلَاةَ يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ، فَسَارَ حَتَّى إِذَا كَانَ بَيْنَ الصَّلَاتَيْنِ نَزَلَ، فَقَالَ لِلْمُؤَذِّنِ: أَقِمْ فَإِذَا سَلَّمْتُ مِنَ الظُّهْرِ فَأَقِمْ مَكَانَكَ، فَأَقَامَ فَصَلَّى الظُّهْرَ رَكْعَتَيْنِ ثُمَّ سَلَّمَ، ثُمَّ أَقَامَ مَكَانَهُ فَصَلَّى الْعَصْرَ رَكْعَتَيْنِ ثُمَّ رَكِبَ فَأَسْرَعَ السَّيْرَ حَتَّى غَابَتِ الشَّمْسُ، فَقَالَ لَهُ الْمُؤَذِّنُ: الصَّلَاةَ يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ، فَقَالَ: كَفِعْلِكَ الْأَوَّلِ، فَسَارَ حَتَّى إِذَا اشْتَبَكَتِ النُّجُومُ نَزَلَ، فَقَالَ: أَقِمْ فَإِذَا سَلَّمْتُ فَأَقِمْ فَصَلَّى الْمَغْرِبَ ثَلَاثًا، ثُمَّ أَقَامَ مَكَانَهُ فَصَلَّى الْعِشَاءَ الْآخِرَةَ، ثُمَّ سَلَّمَ وَاحِدَةً تِلْقَاءَ وَجْهِهِ، ثُمَّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِذَا حَضَرَ أَحَدَكُمْ أَمْرٌ يَخْشَى فَوْتَهُ فَلْيُصَلِّ هَذِهِ الصَّلَاةَ .

تخريج دارالدعوه: انظر حديث رقم: ٥٨٩ (حسن)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 598 _ حسن

বাংলা

৫৯৭. ’আবদাহ্ ইবনু আবদুর রহীম (রহ.) ..... কাসীর ইবনু কারাওয়ান্দা (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা

সফরে সালাত সম্পর্কে সালিম ইবনু আবদুল্লাহ-কে প্রশ্ন করলাম যে, আপনার পিতা আবদুল্লাহ (রাঃ) সফরে একাধিক সালাত একত্রে আদায় করেছেন কি? জবাবে বললেন, না, মুযদালিফাহ ব্যতীত অন্য কোথায়ও একত্রে সালাত আদায় করেননি। পুনরায় (সতর্ক হয়ে ঘটনার উল্লেখ করে বললেন, সফিয়্যাহ্ (রাঃ) 'আবদুল্লাহ (রাঃ)-এর স্ত্রী ছিলেন, সফিয়্যাহ্ (রাঃ) তার কাছে খবর পাঠালেন যে, আমি দুনিয়ার জীবনের শেষ দিনে এবং আখিরাতের প্রথম দিনে উপনীত হয়েছি। সংবাদ পাওয়া মাত্রই তিনি সওয়ারীতে আরোহণ করলেন, আমিও তার সাথে ছিলাম। তিনি খুব দ্রুত বেগে চললেন। পরে যখন সালাতের সময় হলো, মুয়াযযিন বললেন, হে 'আবদুর রহমান! সালাত আদায় করুন। তিনি সামনে অগ্রসর লাগলেন। যখন তিনি দুই সালাতের মাঝামাঝি সময়ে পৌছলেন তখন সওয়ারী হতে নেমে মুয়াজ্জিনকে বললেন, ইকামত দাও এবং যখন যুহরের সালাত শেষ করি তখন আবার সেখানে দাঁড়িয়েই ইকামত বলবে। ইক্বামাত বলা হলে যুহরের দু' রাক'আত আদায় করলেন। আবার সেখানেই ইকামত দিলে 'আসরের দু' রাক'আত সালাত আদায় করে বাহনে আরোহণ করলেন এবং সূর্য অস্ত যাওয়ার পূর্ব পর্যন্ত দ্রুত চললেন। আবার মুয়াযযিন বললেন, হে 'আবদুর রহমান! সালাত আদায় করুন। তিনি বললেন, পূর্বের মতোই কাজ কর বলে সামনে অগ্রসর হতে লাগলেন। তারপর যখন আকাশে ঘন তারকারাজি দেখা গেল তখন সওয়ারী হতে নেমে ইক্বামাতের আদেশ দিলেন। বললেন, যখন সালাম ফিরাবে আবার ইকামত দিবে। তারপর মাগরিবের তিন রাকআত আদায় করলেন। আবার ইকামত হলে 'ইশার সালাত আদায় করলেন। তারপর একদিকে সালাম ফিরিয়ে বললেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: যখন তোমাদের কারো সম্মুখে এমন কোন জটিল কাজ দেখা দেয়, যা ছুটে যাওয়ার ভয় থাকে, তখন এভাবেই সালাত আদায় করবে।

## English

45. The Time When A Traveler May Combine Maghrib and Isha'

Kathir bin Qarawanda said: We asked Salim bin 'Abdullah about prayer while traveling. We said: 'Did 'Abdullah combine any of his prayer while traveling?' He said: 'No, except at Jam'.'[1] Then he paused, and said: 'Safiyyah was married to him, and she sent word to him that she was in her last day in this world and the first day in the Hereafter. So he ride off in a hurry, and I was with him. The time for prayer came and the Mu'adhdhin said to him: 'The prayer, O Abu 'Abdur-Rahman! But he kept going until it was between the time for the two prayer. Then he stopped and said to the Mu'adhdhin: Say the Iqamah, and when I say the Taslim at the end of Zuhr, say the Iqamah (again) straight away. So he said the Iqamah and he prayed Zuhr, two Rak'ahs, then he said the Iqamah (again) straight away, and he prayed 'Asr, two Rak'ahs. Then he rode off quickly until the sun set and the Mu'adhdhin said to him: The prayer, O Abu 'Abdur-Rahman! He said: Do what you did before. He rode on until the starts appeared, then he stopped and said: Say the Iqamah, then when I say the Taslim, say the Iqamah. So he said the Iqamah and he prayed Maghrib, three Rak'ahs, then he said the Iqamah (again) straight away and he prayed 'Isha', then he said one Taslim, turning his face. Then he said: The Messenger of Allah (ﷺ) said: 'If any one of you

has urgent need that he fears he may miss, let him pray like this.'

### ফুটনোট

সহীহ: বুখারী ১৮০৫। [দ্রঃ ৫৮৮]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ কাসীর ইবনু কারাওয়ান্দা (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86870

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন